# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯০৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي بَرْزَةَ قَالَ: قُلْتُ: يَا نَبِيَّ اللَّهِ عَلِّمْنِي شَيْئًا أَنْتَفِعْ بِهِ قَالَ: «اعْزِلِ الْأَذَى عَنْ طَرِيقِ الْمُسْلِمِينَ» . رَوَاهُ مُسْلِمٌ
وَسَنَذْكُرُ حَدِيث عدي ابْن حَاتِمٍ: «اتَّقُوا النَّارَ» فِي بَابِ عَلَامَاتِ النُّبُوَّةِ

বাংলা

১৯০৬-[১৯] আবূ বারযাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আমি আরয করলাম, হে আল্লাহর নবী! আমাকে এমন কিছু শিক্ষা দান করুন, যাতে আমি (পরকালে) উপকৃত হই। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ মুসলিমদের চলাচলের পথে কষ্টদায়ক কোন কিছু পেলে তা ফেলে দিবে। (মুসলিম)[1]

ইমাম মুসলিম বলেন, ’আদী ইবনু হাতিম-এর বর্ণনা (জাহান্নামের আগুন থেকে বাঁচ) ইনশাআল্লাহ আমি ’’আলা-মা-তুন্ নুবুওয়্যাহ্’’ অধ্যায়ে উল্লেখ করব।

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬১৮, আহমাদ ১৯৭৬৮, সহীহ আত্ তারগীব ২৯৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: عن الطريق অত্র হাদীসে বলা হয়েছে إماطة الأذى তথা রাস্তা থেকে কষ্টদায়ক বস্ত সরিয়ে ফেলতে এবং বলা হয়েছে, এ কাজ করা ঈমানের সর্বনিম্ন শাখা আর সর্বনিম্ন শাখার এত বড় সাওয়াব উল্লেখ করে অন্যান্য শাখার প্রতি আরো বেশী যত্নবান হওয়ার প্রতি আহবান জানানো হয়েছে।

(اتَّقُوا النَّارَ) জাহান্নাম থেকে বাঁচার চেষ্টা অব্যাহত রাখ যদিও খেজুরের একটু সিলকা দিয়ে হোক। যদিও তাও না পাও তাহলে অপর মুসলিম ভাইয়ের সাথে একটি ভাল কথা বলে হলেও জাহান্নাম থেকে বাঁচো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন